

অত্র কার্যালয়ের **উল্লেখযোগ্য সেবা সমূহ হচ্ছেঃ-**

ভিজিডি কর্মসূচি: পল্লী অঞ্চলে দরিদ্র মহিলাদের খাদ্য নিরাপত্তা প্রদান ও ক্ষমতায়নের জন্য খাদ্য সহায়তাসহ উন্নয়ন প্যাকেজ সেবা প্রদান করা হয়। ইউনিয়ন হতে ভিজিডি তালিকা প্রাপ্তির পর যাচাই বাছাই করে প্রতি উপকারভোগীকে মাসিক ৩০ কেজি করে ২ বছর মেয়াদে গম/চাল প্রদান করা হয় এবং নিয়োগকৃত এনজিওর মাধ্যমে উন্নয়ন প্যাকেজ সেবা প্রদান করা হয়।

মাতৃত্বকালীন ভাতা: - দুঃস্থ নারীদের মাতৃত্বকাল ভাতা প্রদান। দরিদ্র মা'র জন্য ইউনিয়ন কমিটি হতে তালিকা পাওয়ার পর উপজেলা কমিটি যাচাই বাছাই করে চূড়ান্তভাবে নির্বাচিতদের মাসিক ৮০০/- টাকা হারে ৩৬ মাস ভাতা প্রদান করা হয় এবং নিয়োগকৃত এনজিওর মাধ্যমে উন্নয়ন প্যাকেজ সেবা প্রদান।

ক্ষুদ্রঋণ কর্মসূচি - দুঃস্থ ও প্রশিক্ষিত নারীদের দরিদ্র বিমোচন পূর্ণবাসন ও কল্যানের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ বিতরণ কর্মসূচী পরিচালিত হচ্ছে।

নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ : নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে, আইনী সহায়তা প্রদান।

স্বচ্ছাসেবী মহিলা সমিতির নিবন্ধীকরণ এবং অনুদান বিতরণ: নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন ব্যাপক প্রসারের জন্য বেসরকারী স্বচ্ছাসেবী মহিলা সমিতি গঠনে উৎসাহিত করে নারীদের উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্তকরণ ও অনুদান প্রদান।

সচেতনতা বৃদ্ধি ও জেভার সমতা: নারীর ক্ষমতায়ন, যৌতুক, পাচার, বাল্য বিবাহ, বিভিন্ন দিবস উদযাপন, নারীর অধিকার সংক্রান্ত আইন বিষয়ে উঠান বৈঠকের মাধ্যমে সচেতন করা হয়।

জয়িতা অন্বেষণে বাংলাদেশ : আর্থ-সামাজিক উন্নয়নে নারীদের অবদানের স্বীকৃত স্বরূপ “জয়িতা অন্বেষণে বাংলাদেশ ” শীর্ষক কার্যক্রমের আওতায় সফল জয়িতাদের সম্মাননা প্রদান।

আয়বর্ধক প্রশিক্ষণ(আইজিএ) প্রকল্প : আয়বর্ধক প্রশিক্ষণ(আইজিএ) প্রকল্পের মাধ্যমে দুই(২) টি ট্রেডে ২০জন করে তিন(৩) মাস মেয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়।